# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৪২ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৪৩]

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৫১: ইহরামের গোসলে ঋতুমতির জন্যে বেনী খোলার আদেশ

## بَاب ذِكْرِ الْأَمْرِ بِذَلِكَ لِلْحَائِضِ عِنْدَ الِاغْتِسَالِ لِلْإِحْرَامِ

আরবী

أَخْبَرَنَا يُونُسُ بْنُ عَبْدِ الْأَعْلَى، قال: حَدَّثَنَا أَشْهَبُ، عَنْ مَالِكٍ، أَنَّ ابْنَ شِهَابٍ، وَهِشَامَ بْنَ عُرْوَةَ حَدَّثَاهُ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا، قالت: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَامَ حَجَّةِ الْوَدَاعِ، فَأَهْلَلْتُ بِالْعُمْرَةِ فَقَدِمْتُ مَكَّةَ وَأَنَا حَائِضٌ فَلَمْ أَطُفْ بِالْبَيْتِ وَلَا بَيْنَ الصَّفَا، وَالْمَرْوَةِ، فَشَكَوْتُ ذَلِكَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: انْقُضِي رَأْسَكِ وَامْتَشِطِي، وَأَهِلِّي بِالْحَجِّ وَدَعِي الْعُمْرَةَ ، فَفَعَلْتُ، فَلَمَّا قَضَيْنَا الْحَجَّ، أَرْسَلَنِي مَعَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي بَكْرٍ إِلَى التَّنْعِيمِ، فَاعْتَمَرْتُ، فَقَالَ: هَذِهِ مَكَانُ عُمْرَتِكِ. قَالَ أَبُو عَبْد الرَّحْمَنِ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ مِنْ حَدِيثِ مَالِكٍ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، لَمْ يَرْوِهِ أَحَدٌ إِلَّا أَشْهَبُ.

تخريج دارالدعوه: حديث مالک عن بن شهاب أخرجه، صحيح البخارى/١٨ (٣١٩)، الحج ٣١ (١٥٥٦)، ٧٧ (١٦٣٨)، المغازي ٧٧ (٤٣٩٥)، صحيح مسلم/الحج ١٧ (١٢١١)، سنن ابی داود/فيه ٢٣ (١٧٨١)، (تحفة الأشراف: ١٦٥٩١)، وقد أخرجه: سنن ابن ماجه/المناسک ٣٨ (٣٠٠٠)، موطا امام مالک/ الحج ٧٤ (٢٢٣)، مسند احمد ٦/ ٨٦، ١٦٤، ١٦٨، ١٦٩، ١٧٧، ١٩١، ٢٤٦، وحديث مالک عن ہشام بن عروة، تفرد بہ النسائی، (تحفة الأشراف: ١٧١٧٥)، ويأتي عند المؤلف برقم: ٢٧٦٥ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 243 - صحيح

বাংলা

২৪২. ইউনুস ইবনু 'আবদুল আ'লা (রহ.) ..... 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা বিদায় হজ্জের বছর রাসূলুল্লাহ (সা.)-এর সঙ্গে বের হলাম, তারপর আমি 'উমরার ইহরাম বাঁধলাম। আর আমি হায়য অবস্থায় মক্কায় আসলাম। ফলে আমি কা'বা ঘরের এবং সাফা ও মারওয়ার ত্বওয়াফ করতে পারলাম না। আমি রাসূলুল্লাহ (সা.) -এর নিকট এ ব্যাপারে মনঃকষ্টের কথা জানালাম। তিনি বললেন, তুমি তোমার মাথার চুল খুলে ফেল এবং তাতে চিরুণী ব্যবহার কর, আর 'উমরার নিয়্যাত ছেড়ে হজ্জের ইহরাম বাঁধ। আমি তাই করলাম। তারপর যখন আমার হজ্জের কাজ শেষ করলাম, তিনি আমাকে আবদুর রহমান ইবনু আবূ বকরের সঙ্গে তানঈমে পাঠালেন। তখন আমি 'উমরাহ্ করলাম। তিনি বলেন, এটা তোমার ঐ 'উমরার পরিবর্তে। আবূ 'আবদুর রহমান (ইমাম নাসায়ী) বলেন, এ হাদীসটি গরীব; কারণ মালিক হতে আশহাব ভিন্ন আর কেউ তা বর্ণনা করেননি।

## English

151. Mention Of The Order To Do That For A Menstruating Woman When She Performs Ghusl For Ihram

It was narrated that 'Aishah said: We went out with the Messenger of Allah (ﷺ) in the year of the Farewell Pilgrimage. I (said the Talbiyah) for 'Umrah and I arrived in Makkah while I was menstruating, so I did not perform Tawaf around the House nor between As-Safa and Al-Marwah. I complained about that to the Messenger of Allah (ﷺ), and he said: 'Undo your braids and comb your hair, and enter (begin the Talbiyah) for Hajj, and leave the 'Umrah.' So I did that, and then when we had completed Hajj, he sent me with 'Abdur-Rahman bin Abi Bakr to At-Tan'im, and I performed 'Umrah. He said: 'This is in place of your 'Umrah.' Abu 'Abdur-Rahman said: This Hadith is Gharib as a narration of Malik from Hisham, from 'Urwah. No one except Asshab reported it.

ফুটনোট

সহীহ: বুখারী ১৫৫৬, মুসলিম ১২১১, ইবনু মাজাহ ৩০০০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86513

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন